

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date : 13-09-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

National Integration Camp :

ভারত স্কাউটস এন্ড গাইডস এর উদ্যোগে পাঁচ দিন ব্যাপি প্রথম জাতীয় সংহতি শিবির আজ শেষ হবে। গতকাল সন্ধ্যায় আগরতলার পূর্বশা আরবান হাটে আয়োজিত সমাপ্তি অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নালু অংশগ্রহণকারী ভারত স্কাউটস এন্ড গাইডস এর বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার তুলে দেন। রাজ্যপাল বলেন, জাতীয় সংহতি রক্ষায় ভারত স্কাউটস এন্ড গাইডস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশ সেবায় আরও ব্রতী হওয়ার পাশাপাশি তিনি বাল্য বিবাহ রোধ, টিবি মুক্ত ভারত গড়ার লক্ষ্যে যুব প্রতিনিধিদের এগিয়ে আসার আহবান জানান।

Byte-Governor# # #

অনুষ্ঠানে ভাষন দেন ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী টিংকু রায়, ভারত স্কাউটস এন্ড গাইডস জাতীয় মুখ্য কমিশনার ডঃ কে কে থান্ডেলওয়াল প্রমুখ।

* * * * *

PM, North East :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ থেকে ১৫ তারিখ পর্যন্ত মিজোরাম, মণিপুর, আসাম, পশ্চিমবঙ্গ এবং বিহার সফর করবেন। মিজোরাম সফরকালে শ্রী মোদী ৯ হাজার কোটি টাকার অধিক মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। তৈরিবি-সাইরাং এর মধ্যে নতুন রেল লাইনের সূচনা করবেন তিনি। প্রায় ৮ হাজার কোটি টাকা ব্যয়ে ৫১ কিলোমিটারের বেশি দীর্ঘ এই রেললাইনটি তৈরি করা হয়েছে।

আজই শ্রী মোদী যাবেন মণিপুর, সেখানে তাঁর সাড়ে ৮ হাজার কোটি টাকার বেশি অর্থমূল্যের একাধিক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করার

কথা রয়েছে। অসম সফরে গ্রাহাটিতে আয়োজিত ড: ভূপেন হাজারিকার জন্মশতবর্ষের অনুষ্ঠানে যোগ দেবেন শ্রী মোদী। এক জনসভাতেও তিনি ভাষণ দেবেন, সেখান থেকে পরিকাঠামো ও শিল্পোন্নয়ন ক্ষেত্রে একাধিক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন প্রধানমন্ত্রী।

এছাড়াও বিহার সফরে পূর্ণিয়া বিমান বন্দরের নতুন টার্মিনাল ভবনের উদ্বোধন ছাড়াও জাতীয় মাথানা বোর্ড এবং পূর্ণিয়া শহরে প্রায় ৩৬ হাজার কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের সূচনা করবেন শ্রী মোদী। সফরের শেষ পর্যায়ে প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গে আসবেন। কলকাতায় কম্বাইন্ড কমান্ডার্সদের ষোড়শ সম্মেলনের সূচনা করবেন তিনি।

* * * * *

Lok Adalat :

আজ রাজ্যে বসছে এবছরের তৃতীয় জাতীয় লোক আদালত। ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত চৰে এই লোক আদালত বসবে। লোক আদালতে ৩৯টি বেঁকে ৩১,৭৮৯টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

* * * * *

AHVY :

কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রণালয়ের অধীনে আন্তেদকর হস্তশিল্প বিকাশ যোজনায় গতকাল জোলাইবাড়ি-শান্তিরবাজার ক্লাস্টারের ২১২ জন হস্তশিল্পীদের পরিচয়পত্র প্রদান করা হয়। শান্তিরবাজার মুকুট অডিটোরিয়ামে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা হস্তশিল্প উন্নয়ন কেন্দ্রের কারিগরি আধিকারিক শংকর তোমিক।

* * * * *

Chief Justice :

৪০ ঘন্টার মধ্যস্থতার প্রশিক্ষণ নিলেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড় সহ আইনজীবী ও স্থায়ী লোক আদালতের সদস্যরা।

গতকাল নরসিংগড়ে ত্রিপুরা জুড়িশিয়াল একাডেমিতে প্রশিক্ষণ শিবিরের সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি এমএস রামাচন্দ্র রাও। ধন্যবাদ সূচক ভাষণ রাখেন রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী।

Tobacco Free Tripura :

তামাক মুক্ত ত্রিপুরা গঠনের বিষয়ে প্যালেস কম্পাউন্ডস্থিত জাতীয় স্বাস্থ্য মিশনের কনফারেন্স হলে গতকাল একদিনের রাজ্যভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত হয়। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন-এর মাধ্যমে কর্মশালার সূচনা করেন 'অ্যালায়েন্স ফর টোবাকো ফ্রি ত্রিপুরা'-র কনভেনার ডাঃ সুজিত ঘোষ। মিশন অধিকর্তা সাজু বাহিদ এ তামাক মুক্ত ত্রিপুরা গঠনে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

Training Program :

জোলাইবাড়ি ব্লকের মধ্য পিলাক পঞ্চায়েতে দক্ষিণ জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে গতকাল অ-মৌসুম সবজি চাষের কৌশল এবং চ্যালেঙ্গ বিষয়ক এক দিনের প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হয়। স্থানীয় কৃষকদের এই বিষয়ে হাতে কলমে প্রশিক্ষণ দেন দক্ষিণ জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্ভিদ বিজ্ঞান বিশেষজ্ঞ নেহা কুমারী মণ্ডল।

Cricket Association for Blind :

বিহার ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে আগামী ১৬ থেকে ২০ সেপ্টেম্বর পর্যন্ত দ্বারভাঙ্গায় আন্তঃরাজ্য দৃষ্টিহীন ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সুকান্ত সরকারের নেতৃত্বে ১৬ সদস্যের ত্রিপুরা দৃষ্টিহীন ক্রিকেট দল আজ বিহারের উদ্দেশ্যে রওনা হচ্ছে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস।

* * * * *